# উপজেলা পরিষদ
## নকলা, শেরপুর

**নকলা উপজেলা পরিষদের জুলাই ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ হল রুম, নকলা, শেরপুর |
| তারিখ ও সময় | ঃ | ৩১/০৭/২০২৫ খ্রি. বেলা ১১.০০ টায় |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক" |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভা শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিভাগের কার্যক্রম আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, নকলা পৌরসভা ঃ** প্রশাসক, নকলা পৌরসভা সভায় জানান যে, নকলা পৌরসভার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানানো হয়। | প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর |
| ০২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি খরিফ-২, ২০২৪-২০২৫ মৌসুমে রোপা আমান আবাদের লক্ষ্যমাত্রা ১৩১১১ হে. এর মধ্যে হাইব্রিড ৭১৩৫ হে., উফশী ৪৭৬৩ হে. এবং স্থানীয় ১২১৩ হে. আবাদ হয়েছে। আবাদের অগ্রগতি মোট ১০০ হে. মধ্যে হাইব্রিড ৮৫ হে., উফশী ১৫ হে.। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোনো সংকট নেই। মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। | (১) লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদের হার শতভাগ অর্জনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মাঠ পর্যায়ে কৃষকদের সাথে যোগাযোগ, উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) কৃষি প্রণোদনা উপযুক্ত কৃষককে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) সার ও বীজ মজুদ, বিক্রয় ও বিতরণ কার্যক্রম তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, নকলা, শেরপুর |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** নকলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চলতি মাসে জরুরী বিভাগে ৩৬১৫ জন, বর্হিঃ বিভাগে ১২৭৪৩ জন, অন্তঃ বিভাগে ১০৪৪ জন। IMCI তে ১৬৫৫ জন। ডায়রিয়া ওয়ার্ডে ১৪৫ জন এবং Poisoning জনিত কারণে ০৩ জন সেবা গ্রহণ করেছেন। মারামারি-জনিত কারণে ১০০ জন রোগী ভর্তি হয়েছেন। মোট ২৫টি মেডিকেল সার্টিফিকেট প্রদান করা হয়েছে সবগুলোই সাধারণ। ২৪টি সিসি থেকে মোট ১২২৪৫ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে। মোট ৯৮ টি নরমাল ডেলিভারী করানো হয়েছে এবং ৫০ জনকে ভায়া টেস্ট করানো হয়েছে। বেড অনকুপেন্সি রেট ১৬২%। ANC কর্ণার-৩৫০ জন, PNC কর্ণার-১২৯ জনকে সেবা দেওয়া হয়েছে। করোনা রোগীদের নমুনা সংগ্রহের পাশাপাশি সকাল ০৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত প্যাথলজির কার্যক্রম চলছে। যক্ষা রোগীদের জন্য উন্নতমানের জিন এক্সপার্ট ল্যাব স্থাপন করা হয়েছে। যেখানে প্রতিদিন কাশি পরীক্ষা করা হয়। মোট ১৯৯২টি প্যাথলজি পরীক্ষা হয়েছে। মোট ২৫ জনকে ব্লাড ট্রান্সফোশন করা হইয়াছে। মোট ৮৫ টি X-ray করা হয়েছে এবং মোট ১৪৩ টি ECG করানো হয়েছে। অদ্যাবধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | (১) হাসপাতালের চিকিৎসা সেবার মান নিশ্চিত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) নির্ধারিত বিধি মোতাবেক রোগীদের পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)মেডিকেল বর্জ্য ও পঁচনশীল বর্জ্য নিয়মিতভাবে পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। চলতি মাসে ৪৪২৪ টি গবাদিপশু ও ৪৬৫০০ টি হাঁস মুরগীর টিকা প্রদান করা হয়েছে, ২৮৮২ টি পবাদিপশু ও ২৬১০০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে, ৭২০ টি পবাদিপশুর কৃত্রিম প্রজনন ও ৪২৮ টি সংকর জাতের বাছুর উৎপাদিত হয়েছে। বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভায় কুকুরের কামড়ে গবাদিপশু জলাতঙ্ক রোগে আক্রান্তের সংখ্যা বেড়ে যাচ্ছে, এ ব্যাপারে প্রয়োজনীয় জরুরি ভিত্তিতে কুকুর নিধন/ভ্যাক্সিনেশন কর্মসূচি ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, নকলা পৌরসভা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর ও চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ), নকলা, শেরপুরকে অনুরোধ করা হলো। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | (১) গবাদিপশুর চিকিৎসা সেবা ও খামারিদের পরামর্শ প্রদান কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) কুকুরের ভ্যানিক্সনেশন কার্যক্রমের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, নকলা পৌরসভা ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নকলা, শেরপুর |

চলমান পাতা-০২

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। চলতি মাসে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ (২২-২৮ জুলাই) উদযাপনের কথা থাকলে ও বিমান দুর্ঘটনার কারণে স্থগিত করা হয়েছে। পরবর্তীতে সুবিধাজনক সময়ে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে। এছাড়া গৌড়দ্বার ইউনিয়নের বড় বিলা বিলের মোবাইল কোর্ট পরিচালনা করে ৭০ টি নিষিদ্ধ চায়না দুয়ারী জাল ধংস করা হয়। মৎস্য চাষীদের প্রশিক্ষণ, পরামর্শ প্রদান, খামার পরিদর্শন পুকুর পরিদর্শন মাটি-পানির গুনাগুন পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (১) মৎস্য চাষীদের প্রশিক্ষণ, খামার ও পুকুর পরিদর্শন, মাটির গুণাগুণ পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সরকারি নির্দেশনা মোতাবেক জাতীয় মৎস্য সপ্তাহ উদ্‌যাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ০৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** সহকারী পরিচালক, সভায় জানান যে, চলতি মাসে মোট খাবার বড়ি ১৯০৩৭ জন, কনডম ২৯৯৪জন, ইনজেকশন ৬৬০৫জন, আইইউডি ০৫জন, ইম্প্ল্যান্ট ৩২জন, পুরুষ বন্ধ্যাকরণ ০২জন, মহিলা বন্ধ্যাকরণ ০৫জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৩৪১৫৬জন, গ্রহণকারীর হার ৭২.২৩ %। চলতি মাসে মা ও শিশু স্বাস্থ্য সেবার তথ্য মোট গর্ভবতী ১৫০৬জন, গর্ভবর্তী পরিচর্যা ৩৫৫জন। জন্ম ২০৬জন, মৃত্যুর সংখ্যা ৭৪জন, শিশু পরিচর্যা ৬৬২জন, সাধারণ রোগী পরিচর্যা ৩৩০৮জন। এ ছাড়াও বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) বিধি মোতাবেক জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর পরিচর্যা কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) আশ্রয়ণ/গুচ্ছগ্রামে কার্যক্রম জোরদার ও স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির হার বৃদ্ধি করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নকলা সভায় জানান যে, এসএসসি ও দাখিল পরীক্ষা/২০২৫ সালের ফলাফল প্রকাশ করেছেন। এইচএসসি, এইচএসসি (বিএমটি), আলিম পরীক্ষা/২০২৫ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে চলমান রয়েছে অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (১) মানসম্মত মাধ্যমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ / মা সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নকলা, শেরপুর |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নকলা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্যা নাই। সকলের সহযোগীতা কামনা করেন। অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (১) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রাথমিক বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নকলা, শেরপুর |
| ০৯ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, নকলা উপজেলায় চলতি মাসের ০৬টি প্রকল্পের ২৩ জন সুফলভোগী সদস্যদ্যের মাঝে ৮.৭০ লক্ষ টাকা। ২০২৫-২৬ অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখিত উক্ত মাসসহ বছরে আদায় ৫৭.৮১ লক্ষ টাকা। ২০২৫-২৬ অর্থবছরে ঋণ আদায় করা হয়েছে। কোন প্রকল্পের খেলাপী ঋণ বৃদ্ধি পায় নাই। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বিআরডিবি'র মালিকানাধীন বাসাবাড়িতে বসবাস-কারীদের তথ্য হালনাগাদকরণ এবং বাসা ভাড়া নিয়মিত আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১০ | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, নকলা উপজেলার আওতাধীন বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরে প্রতিস্থাপন বয়স্ক ভাতায়-৪৩৯ জন, বিধবা ভাতায়-৮৯ জন, প্রতিবন্ধী ভাতায়-১৪ জন, প্রতিবন্ধী উপবৃত্তি ০১ জনসহ সর্বমোট-৫৪৩ জন। নতুন নির্বাচিত ভাতাভোগীর সংখ্যা প্রতিবন্ধী ভাতায় ২১৭ জন এবং হিজড়া ভাতায় ০৩ জনসহ সর্বমোট ২২০ জন। ২০২৪-২৫ অর্থবছরে সমাজকল্যাণ পরিষদের মাধ্য ৬১ জনকে অনুদান। রোগীকল্যাণ সমিতি'র মাধ্যমে ১১০ জন ঔষুধ সহায়তা। ০৮ জন ভিক্ষুককে পূনর্বাসন করা হয়েছে। প্রবেশন সংক্রান্ত কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ, সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম, ক্যাপিটেশন গ্রান্ট এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (১) আইন-বিধি মোতাবেক ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) পুনর্বাসিত ভিক্ষুকগণ যাতে পুনরায় ভিক্ষাবৃত্তিতে না জড়ায় সে বিষয়ে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডাব্লিউবি) কর্মসূচি নতুন চক্রের জন্য ২১৬৯ টি কার্ড চূড়ান্ত করা হয়েছে। চূড়ান্ত তালিকা এবং কার্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হবে।<br>খ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৫-২৬ অর্থবছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। | (১) সরকারি নির্দেশনা মোতাবেক ভিডব্লিউবি কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মহিলাদের সেলাই প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)বিধি মোতাবেক কিশোর-কিশোরী ক্লাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | গ) মহিলা সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের জুলাই/২৫ হতে সেপ্টেম্বর/২০২৫ পর্যন্ত প্রশিক্ষণার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>ঘ) নকলা উপজেলায় পৌরসভা-১টি এবং ইউনিয়ন-৯টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। প্রতি শুক্র ও শনিবার বিকাল ৩-৫ টা পর্যন্ত জেন্ডার, সংগীত ও আবৃত্তি বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয় এবং শিক্ষার্থীদের মাঝে নাস্তা সরবরাহ করা হয়।<br>গ) অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার, নকলা শেরপুর, সভায় জানান যে, নকলা উপজেলায় কেন্দ্রীয় সমবায় ০২(দুই)টি সমিতির রয়েছে। ২০২৪-২৫খ্রি. সনে প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১০৭টি, ২০২৪-২০২৫ খ্রিঃ সনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-০০টি। সর্বমোট-১০৭টি সমিতি রয়েছে। অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ৯৬টি। চলতি মাসে পর্যন্ত অডিট সম্পাদন-১১টি। শেয়ার মূলধনের পরিমাণ ৯৮,৮৭,৫০০/-টাকা। সঞ্চয় আমানতের পরিমান ৫,০৯,৭৩,০০০/-টাকা। ২০২৩-২০২৪ খ্রি. আদায়কৃত অডিট সেস ২৩,৭৩০/-টাকা। আদায়কৃত সিডিএফ-৭,০৫৮/-। শতভাগ অডিট সেস ও সিডিএফ এর অর্থ আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)ঃ চলতি মাস পর্যন্ত গনপদ্মী আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ এর সদস্যদের মাঝে ২,৮০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাস পর্যন্ত আদায়ের পরিমাণ ২৯,৫০০/-টাকা। খেলাপী ঋণের পরিমাণ ২,৫০,৫০০/-টাকা। আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ এর ব্যারাক সংখ্যা ০৪ টি, সদস্য সংখ্যা ৭৯ জন, মৃত্যু বরণ করেছেন ০৩ জন। বর্তমানে ০৯ জন সদস্য ব্যারাক হাউজে অবস্থান করেন। অবশিষ্ট সদস্য অন্যত্র বসবাস করে বিধায় ঋণ আদায় কার্যক্রম ব্যাহত হচ্ছে।<br>উল্লেখ্য যে উন্নত জাতের গাভী পালন প্রকল্প অত্র উপজেলায় দুইটি নারী উন্নয়ন সমবায় সমিতি রয়েছে।<br>ক) নারায়নখোলা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>খ) বাছুর আলগা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>উক্ত সমবায়ের সদস্য সংখ্যা যথাক্রমে ১২১+১২২=২৪৩ জন। ঋণ গ্রহীতার সংখ্যা ১০০+১০০=২০০ জন। ঋণ বিতরণের পরিমাণ (আবর্তক ঋণসহ) ৩,১৬,০০,০০০/-টাকা। এ পর্যন্ত সার্ভিস চার্জসহ আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৮৪,৪৩,০০০/- টাকা। আদায় হার ৯০%। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) আশ্রয়ণ প্রকল্পের ঋণ গ্রহীতাদের হালনাগাদ তথ্যাদি সংগ্রহপূর্বক ঋণ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নিবন্ধিত সমবায় সমিতির তদারকি ও অডিট কার্যক্রম যথাযথ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, নকলা, শেরপুর |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক (রাজস্ব) খাতে ৪২০ জন যুব প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রাপ্ত অত্র উপজেলার যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মপ্রত্যাশী যুবদের জন্য প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের ঋণ বিতরণ ও আদায় স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বেকার যুবদের প্রাধান্য দিয়ে কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১৪ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নকলা শেরপুর সভায় জানান যে, মজুদ ব্যবস্থাপনা খাদ্য গুদামের অদ্যকার মজুদ চাল সিদ্ধ ১৫২২.৫৬৫ মেঃ টন ও ০.২৫৪ মেঃটন ধান নকলা উপজেলার আপদকালীন মজুদ হিসাবে সংরক্ষিত আছে।<br>**খ) সংগ্রহ কার্যক্রমঃ** নেই।<br>**গ) বিতরণ কার্যক্রমঃ** টিসিবি খাতে ওএমএস এর বরাদ্দকৃত চাল সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে বিতরণ করা হয়েছে। আগামী আগস্ট/২০২৫ মাস হতে খাদ্যবান্ধব বিক্রয় কার্যক্রম যথা নিয়মে পরিচালিত হবে।<br>**ঘ) বাজার মনিটরিংঃ** উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। বর্তমান বাজারে চালের দাম স্বাভাবিক আছে। মনিটরিং কালে উপজেলার রাইসমিল, খুচরা/পাইকারী বিক্রয় দোকানে মজুদ পরিমাণ স্বাভাবিক রয়েছে। মূল্য বৃদ্ধির লক্ষ্যে কোন ব্যবসায়ী/মিল মালিক অসৎ উদ্দেশ্যে অতিরিক্ত মজুদ করার কোন প্রমাণ পরিলক্ষিত হয় নাই।<br>এছাড়াও অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক আছে। | নির্ধারিত আইন-বিধি মোতাবেক ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) বিভাগঃ** উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, নকলা সভায় জানান যে, চলতি মাসে ৬৮ জন সদস্যদের মধ্যে ৪৬.০০ লক্ষ টাকা ঋণ বিরতণ করেছে। চলতি ঋণ আদায় হার ৯৫%। অত্র কার্যালয়ে মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা ৮জন। বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন প্রকার সমস্যা নেই। | নির্ধারিত আইন-বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের টিউবওয়েল স্থাপনের কাজ চলমান। এছাড়া অন্যান্য সকল কাজ স্বাভাবিক গতিতে চলছে। | বিধি মোতাবেক টিউবওয়েল স্থাপনের কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল, নকলা, শেরপুর |
| ১৭ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নকলা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন কর্মসুচির আওতায় প্রকল্পে কাজ শতভাগ শতভাগ সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। | (১) বিগত অর্থবছরে বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রতিটি ইউনিয়নের জন্য বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নকলা, শেরপুর |
| ১৮ | **বিএডিসিঃ** উপপরিচালক (টিসি), বিএডিসি হিমাগার, নকলা সভায় জানান যে, নকলা জোনের আওতায় চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের সংগ্রহ মৌসুমে বিভিন্ন জাত ও শ্রেণির সর্বমোট ২১১৩.০০ মে. টন বীজআলু সংরক্ষণ করা হয়েছে। সংরক্ষিত বীজআলুর গুনগত মান সন্তোষজনক। ২০২৫-২৬ অর্থবছরের উৎপাদন বর্ষে ২৬০ একর জমিতে বীজআলু উৎপাদনের কর্মসূচি পাওয়া গেছে এবং কর্মসূচি অনুযায়ী চূড়ান্ত ব্লক নির্বাচন করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক (টিসি), বিএডিসি আলু বীজ হিমাগার, নকলা, শেরপুর |
| ১৯ | **উপজেলা প্রকৌশলী অফিসঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নকলা, শেরপুর সভায় জানান যে, নকলা উপজেলার এডিপি কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি প্রকল্পে কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি প্রকল্পের বরাদ্দ পাওয়া গেলে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পের তালিকা দাখিল করার জন্য আহবান করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদের মালিকানাধীন পাবলিক হলটি (ঝুমুর সিনেমা হল) জরাজীর্ণ হয়ে ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে। বর্তমানে পরিত্যক্ত অবস্থায় থাকার কারণে আশেপাশের মানুষজন এখানে ময়লা-আবর্জনা ফেলছে। এছাড়াও রাতে বেলা মাদকসেবিরা এখানে মাদক সেবন করে মর্মে স্থানীয়ভাবে অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি জরাজীর্ণ পাবলিক হলটি পরিত্যক্ত ঘোষণাপূর্বক নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকলে তার প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নারায়ণখোলা বাজারের জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেনেজ ব্যবস্থা সংস্কার এবং ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত করা প্রয়োজন। সংশ্লিষ্ট হাট-বাজার রক্ষণাবেক্ষণ/উন্নয়ন খাতের ১৫% অর্থ হতে এই ব্যয় নির্বাহ করা যেতে পারে। এ সংক্রান্ত ১,৫৩,১৫০/-(এক লক্ষ তিপান্ন হাজার একশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন অনুমোদনের বিষয়ে তিনি সভায় উপস্থাপন করেন।<br>এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের আওতায় সকল কাজ স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে জানান। | (১) এডিপি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) উপজেলা পরিষদের মালিকানাধীন জরাজীর্ণ পাবলিক হল (ঝুমুর সিনেমা হল) ভবন পরিত্যক্ত ঘোষণাপূর্বক নিলামের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নারায়ণখোলা বাজারের ড্রেনেজ ব্যবস্থা সংস্কার ও ক্ষতিগ্রস্ত মেরামতের জন্য প্রস্তুতকৃত ১,৫৩,১৫০/- (এক লক্ষ তিপান্ন হাজার একশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) নারায়ণখোলা বাজারের ড্রেনেজ ব্যবস্থা সংস্কার ও ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত প্রকল্পের পিআইসি অনুমোদন এবং হাট-বাজারের রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতের ১৫% অর্থ দ্বারা প্রকল্পের ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নকলা, শেরপুর |
| ২০ | **ইউনিয়ন পরিষদের কার্যক্রম সংক্রান্তঃ** উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) ইউনিয়ন পরিষদ ম্যানুয়েল এবং নির্ধারিত বিধি অনুসারে কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২১ | **জন্ম ও মৃত্যু নিবন্ধনঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ০-৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। তবে নকলার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক নয়। তিনি ০-১ বছর বয়সী সফল শিশুর তালিকা প্রণয়নপূর্বক জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও পৌরসভাসহ সংশ্লিষ্ট কর্মচারীকে অনুরোধ করেন। তিনি বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক ০-৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্ন করতে হবে। এছাড়া মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। | (১) জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রত্যেক ইউনিয়নে গ্রামপুলিশগণ সরেজমিনে গ্রাম/ওয়ার্ড হতে তথ্য সংগ্রহপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করে ইউপি প্রশাসনিক কর্মকর্তার নিকট দাখিল করবেন।<br>(৩) গর্ভবর্তী মহিলা এবং প্রসূতি মায়ের তথ্য পরিবার পরিকল্পনা বিভাগ ও স্বাস্থ্য বিভাগ কর্তৃক ইউনিয়ন/পৌরসভায় সরবরাহ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্তকর্তা/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/ ইউপি চেয়ারম্যান, (সকল)/ ইউপি প্রশাসনিক কর্মকর্তা, নকলা, শেরপুর |

২২. **বিবিধ ঃ** (ক) উপজেলা নির্বাহী অফিসার, নকলা, সভায় জানান যে, গত ২৮-০৬-২০১৮ খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার ১৮/ক নং অনুচ্ছেদে সভার কমপক্ষে ০১ (এক) দিন পূর্বে স্ব-স্ব বিভাগের মাসিক কার্যপত্রের হার্ডকপি ও সফ্ট কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গোপনীয় শাখায় জমা দিতে হবে মর্মে সিদ্ধান্ত এবং বার বার তাগিদ দেয়ার পরও অধিকাংশ দপ্তর হতে কম্পোজকৃত কার্যপত্রের হার্ড কপি ও সফ্ট কপি (ইমেইল-) পাওয়া যাচ্ছে না। সভার কমপক্ষে ০১ (এক) দিন পূর্বে স্ব-স্ব বিভাগের মাসিক কার্যপত্রের হার্ডকপি ও সফ্টকপি অত্র দপ্তরের গোপনীয় শাখায় জমা দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার সভায় অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** প্রতিটি দপ্তর হতে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রের হার্ডকপি ও সফ্টকপি নির্ধারিত তারিখের পূর্বে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলার পর্যায়ের বিভিন্ন বিভাগ/দপ্তরের প্রধানগণ।

(খ) জুলাই/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষাঙ্গিক খরচ ও অন্যান্য বিল পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্তঃ** এ বিষয়ের সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উল্লিখিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্র:নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের প্রিন্টার ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয় বাবদ বিল | ২১,১২০/- |
| ০২ | উপজেলা পরিষদে অফিসের সিসি ক্যামেরার যন্ত্রাংশ ক্রয় বাবদ বিল | ১৯,৫৩২/- |
| ০৩ | উপজেলা পরিষদে অফিসের সিসি ক্যামেরার ক্যাবল ক্রয় বাবদ বিল | ১৫,০০০/- |
| ০৪ | উপজেলা পরিষদে অফিসের সিসি ক্যামেরার ক্যাবল ক্রয় বাবদ বিল | ৮,৯০০/- |
| ০৫ | উপজেলা পরিষদের কোয়ার্টারের ফ্যান, বাতি, মাল্টিপ্লাক ইত্যাদি ক্রয় বাবদ বিল | ১৮,৯০০/- |
| ০৬ | উপজেলা পরিষদের কোয়ার্টারের বৈদ্যুতিক মালামাল ক্রয় (তার, পাইপ, রয়েল প্লাগসহ ইত্যাদি) ক্রয় বাবদ বিল | ১৩,৯৭০/- |
| ০৭ | উপজেলা পরিষদের কোয়ার্টারের বৈদ্যুতিক লাইন মেরামতের মজুরি বাবদ বিল | ২৪,৫০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০৯/২০২৫

মোঃ জাহাঙ্গীর আলম
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর

স্মারক নং- ০৫.৪৫.৮৯৬৭.০০০.০০০.০৬.০০০১.২৫- ৭৮৭

তারিখ ঃ ১৬ শ্রাবণ ১৪৩২ / ৩১ জুলাই ২০২৫ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
২। জেলা প্রশাসক, শেরপুর
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর
৪। প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর
৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা, নকলা, শেরপুর
৬। চেয়ারম্যান, ---------------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), নকলা, শেরপুর
৭। জনাব ----------------------------------------
৮। অফিস কপি

০২/০৯/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর

CamScanner